

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
সদর, মৌলভীবাজার

www.avsadarmoulvibazar.gov.bd

মৌলভীবাজার সদর উপজেলার অক্টোবর -২০২৩ খ্রিঃ মাসের মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতিঃ জনাব মোঃ মামুনুর রশিদ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

সদর, মৌলভীবাজার।

সভার তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১:৩০ ঘটিকায়

সভার স্থান : জেলা কমান্ড্যান্টের সম্মেলন কক্ষ, মৌলভীবাজার।

সভায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলার আইনশৃঙ্খলার বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। অতঃপর সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নিকট হতে বক্তব্য আহবান করেন। মৌলভীবাজার সদর উপজেলা আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর বিগত মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও সভার বিশেষ আলোচ্যসূচি উপস্থাপন করা হয় এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।


আসন্ন শারদীয় দুর্গাপূজার সম্পর্কে বাছাই ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র মোতায়েনযোগ্য আনসার ও ভিডিপি সদস্যদের বাছাই নিয়ে আলোচনা করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কতৃপক্ষ
০১	আসন্ন দুর্গাপূজা-২০২৩ সংক্রান্ত আলোচনা ক) ড্রপ ডাউন ব্যানার তৈরি	আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৩ খ্রিষ্টাব্দ উপলক্ষ্যে বিভিন্ন পূজা মন্ডপে আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হবে। আগ্রহী সদস্যগণ যথাযথ কাগজপত্র ছবি-০১ কপি, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণের সনদ, স্বকীয় মোবাইল নাম্বার ও অন্যান্য কাগজপত্র নিয়ে স্বশরীরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। একটি ড্রপ ডাউন ব্যানার তৈরি করে অফিসের বাইরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।	একটি ড্রপ ডাউন ব্যানার তৈরি করে অফিসের বাইরে দৃশ্যমান স্থানে টাংগিয়ে দিতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার
	খ) আনসার ও ভিডিপি সদস্য/সদস্যদের বাছাই সংক্রান্ত	জেলা আডি কার্যালয়ের স্মারক নং ৪৪.০৩.৬০৫৮.০০২.১৪.০০২.২৩-২১৮৩ তারিখ -০৫/১০/২০২৩ খ্রিঃ মোতাবেক আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৩ খ্রিষ্টাব্দ উপলক্ষ্যে বিভিন্ন পূজা মন্ডপে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য ০১ হতে ০৫ নং ইউনিয়ন এর সদস্য/সদস্যদের ২ নং মনু মুখ ইউনিয়ন পরিষদের সামনে ০৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় এবং বাকি ইউনিয়ন এর সদস্য/সদস্যদের জেলা আডি কার্যালয়ের ১০/১০/২৩ খ্রিঃ তারিখে সকাল ১১:৩০ ঘটিকায় সদস্য-সদস্যদের বাছাই কার্যক্রম করবেন।	প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।	সংশ্লিষ্ট বাছাই কমিটি

	গ) অসদুপায় অবলম্বন না করা	ইউনিয়ন দলনেতা / দলনেত্রী , ওয়ার্ড দলনেতা/ দলনেত্রী , বিভিন্ন পদবীর কমান্ডারগণ সদস্য/ সদস্যাদের বাছাই কার্যক্রমের সময় কোন প্রকার আর্থিক লেনদেন করা যাবে না। বাছাইয়ের তারিখ ও সময় বহুল প্রচারের জন্য সকল ভাতাভোগী সদস্য/সদস্যাকে অনুরোধ করা হলো		সকল দলনেতা, দলনেত্রী ও আনসার কমান্ডারগণ।
০২	ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীর কোঠা পূরন	যে সমস্ত ইউনিয়নে ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীর কোঠা শূন্য রয়েছে সে সমস্ত ইউনিয়নে দলনেতা ও দলনেত্রীর কোঠা পূরন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভিডিপি প্রস্তুত করে রাখা।	প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার
০৩	বিভিন্ন প্রশিক্ষনে প্রশিক্ষনার্থী প্রেরণ	মৌলিক ও পেশাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী প্রেরণের জন্য পূর্ব থেকেই দলনেতা, দলনেত্রী ও আনসার কমান্ডারদের স্মার্ট প্রশিক্ষনার্থী বাছাই করে রাখার নির্দেশনা প্রদান করা হয়।		সকল দলনেতা, দলনেত্রী ও আনসার কমান্ডারগণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার সকল ইউনিয়নে সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির প্রতি সচেতন থাকার
আহ্বান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৫/১০/২৩

মোঃ মামুনের রশিদ

বিএভি-২১০০০৮৮৩

উপজেলা আনসার ও ভিডিপি অফিসার


সদর, মৌলভীবাজার

তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রিঃ

স্মারক নং -৪৪.০৩.৫৮৭৪.০০২.০১.০০১.২০.২৩-৮৩

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

০১. উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সিলেট রেঞ্জ, সিলেট
০২. জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মৌলভীবাজার।
০৩. সকল ভাতাভোগী সদস্য
আনসার ও ভিডিপি, মৌলভীবাজার সদর।
০৪. অফিস কপি।



উপজেলা আনসার ও ভিডিপি অফিসার